

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং : ০১/২০১৫

২০ জানুয়ারি, ২০১৫
তারিখ : -----
০৭ মাঘ, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (NPSB)- এর মাধ্যমে সম্পাদিত
আন্তঃব্যাংক অটোমেটেড টেলার মেশিন (ATM) লেনদেনের ক্ষেত্রে সার্ভিস চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

১৮ মার্চ, ২০১৪ তারিখের পিএসডি সার্কুলার নং-০১/২০১৪ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে কার্যরত বিভিন্ন বানিজ্যিক ব্যাংক এবং স্টেট হোল্ডারদের স্বার্থ বিবেচনা করে ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ (NPSB)-এর আওতায় সম্পাদিত আন্তঃব্যাংক অটোমেটেড টেলার মেশিন (ATM) লেনদেনের ক্ষেত্রে সার্ভিস চার্জ নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

২. NPSB-র আওতায় একটি ব্যাংকের গ্রাহক ভিন্ন ব্যাংকের ATM ব্যবহার করে নগদ অর্থ উত্তোলনের (Cash Withdrawal) ক্ষেত্রে লেনদেন প্রতি সার্ভিস চার্জ ভ্যাটসহ সর্বোচ্চ ২০.০০ টাকা, স্থিতি অনুসন্ধানের (Balance Inquiry) জন্য ভ্যাটসহ সর্বোচ্চ ৫.০০ টাকা এবং ক্ষুদ্রে বিবরণীর (Mini Statement) জন্য ভ্যাটসহ সর্বোচ্চ ৫.০০ টাকা নির্ধারণ করা হলো; নির্ধারিত চার্জ কার্ড ইস্যুকারী (Issuer) ব্যাংক এটিএম বুথ সুবিধা স্থাপনকারী (Acquirer) ব্যাংককে প্রদান করবে;
৩. উপর্যুক্ত ২ নং ক্রমিকে বর্ণিত নগদ অর্থ উত্তোলনের (Cash Withdrawal) জন্য লেনদেন প্রতি সার্ভিস চার্জ বাবদ ভ্যাটসহ সর্বোচ্চ ১৫.০০ টাকা কার্ড ইস্যুকারী ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে;
৪. উপর্যুক্ত ২ নং ক্রমিকে বর্ণিত স্থিতি অনুসন্ধান (Balance Inquiry) এবং ক্ষুদ্রে বিবরণীর (Mini Statement) জন্য লেনদেন প্রতি সার্ভিস চার্জ ভ্যাটসহ সর্বোচ্চ ৫.০০ টাকা কার্ড ইস্যুকারী ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে;
৫. উপর্যুক্ত ৩ নং এবং ৪ নং ক্রমিকে বর্ণিত চার্জের অতিরিক্ত কোনরূপ চার্জ/ফি গ্রাহকের নিকট হতে আদায় করা যাবে না;
৬. নির্ধারিত চার্জ দেশের অভ্যন্তরে NPSB-র আওতায় সম্পাদিত সকল কার্ডভিত্তিক এটিএম লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

নির্ধারিত চার্জ আগামী ০১/০২/২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত



(কে,এম আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৭৪